56

তারিখ 29 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক বাংলা

# ভিসি'র সঙ্গে ছাত্রনেতাদের যৌথ সভা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দীন আহমদের সঙ্গে রোববার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ, একাডেমিক কার্যক্রম সম্পর্কে

( ৫-এর পৃঃ দ্রঃ )

(প্রথম পৃষ্ঠার পর) **ভিসি'র সঙ্গে**

গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা সম্পর্কে ছাত্র নেতৃবৃন্দকে অবহিত করেন। একাডেমিক ক্যালেন্ডার, সমন্বিত কোর্স পদ্ধতি প্রবর্তন, ডিজিটাল টেলিফোন-এক্সচেঞ্জ স্থাপন, কেন্দ্রীয় পাঠাগারের শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও কম্পিউটার স্থাপনসহ এর আধুনিকায়ন, স্বাধীনতা সংগ্রামের শহীদদের স্মরণে স্মৃতিফলক নির্মাণ, সেশনজট দূরীকরণসহ বিস্তারিত আলোচনা হয়।

ছাত্র নেতৃবৃন্দ এ সব পদক্ষেপ বাস্তবায়নে সর্বতোভাবে সহযোগিতাদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সভায় ছাত্র নেতৃবৃন্দ দেশের সামগ্রিক পরিস্থিতি, বিশেষ করে আইন-শৃংখলা, রাজনৈতিক অস্থিরতা ও সম্প্রতি সমাজের বিভিন্ন স্তরে সংঘটিত দুঃখজনক হত্যাকান্ডে উদ্বেগ প্রকাশ করেন।

আলোচজনা সভায় ছাত্রদল, ছাত্রলীগ (শা-প), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্রলীগ (বা-কা) ছাড়া আরো কয়েকটি সংগঠনের নেতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টরগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে ৯০-এর গণআন্দোলনে নিহত ডাঃ শামসুল আলম মিলন স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।